

SAGAR MAHAVIDYALAYA
INTERNAL EVALUATION - 2020
B.A. Part -1 Honours & General(Under 1+1+1 System)
কলা ও বিজ্ঞান বিভাগ
বিষয়- আধুনিক ভারতীয় ভাষা - বাংলা

Time: 1 Hours

Full Marks: 25

প্রান্তিক সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। নিম্ন লিখিত যে কোনো একটি প্রবন্ধাংশ অবলম্বনে প্রদত্ত প্রশ্নের উত্তর নিজের ভাষায় লেখো। ৫
- (ক) আমাদের দেশে প্রাচীন কাল থেকে সংস্কৃত সমস্ত বিদ্যা থাকার দরুন, বিদ্বান এবং সাধারণের মধ্যে একটা অপার সমুদ্র দাঁড়িয়ে গেছে। বুদ্ধ থেকে চৈতন্য রামকৃষ্ণ পর্যন্ত – যাঁরা ‘লোকহিতায়’ এসেছেন, তাঁরা সকলেই সাধারণ লোকের ভাষায় সাধারণকে শিক্ষা দিয়েছেন। পাণ্ডিত্য অবশ্য উৎকৃষ্ট; কিন্তু কটমট ভাষা – যা অপ্রাকৃতিক, কল্পিত মাত্র, তাতে ছাড়া কি আর পাণ্ডিত্য হয় না? চলিত ভাষায় কি আর শিল্প নৈপুণ্য হয় না? স্বাভাবিক ভাষা ছেড়ে একটা অস্বাভাবিক ভাষা তৈরি ক’রে কি হবে? যে ভাষায় ঘরে কথা কও, তাতেই তো সমস্ত পাণ্ডিত্য গবেষণা মনে মনে কর; তবে লেখবার বেলা ও একটা কি কিছুতকিমাকার উপস্থিত কর?
- (১) অংশটি কার লেখা এবং কোন্ প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে? ১
- (২) আমাদের দেশে বিদ্বান ও সাধারণের মধ্যে অপার ব্যবধান তৈরি হওয়ার কারণ কী? ২
- (৩) যাঁরা ‘লোকহিতায়’ এসেছেন তাঁরা কীভাবে শিক্ষা দিয়েছেন? ২
- (খ) আমরা যদি রাজকীয় কর্মক্ষেত্রে প্রবেশ করিতে না পারি, তবে কৃষিক্ষেত্রে প্রবেশ করিব। ভারতে বর দুর্লভ হইয়াছে বলিয়া কন্যাদায়ে কাঁদিয়া মরি কেন? কন্যাগুলিকে সুশিক্ষিতা করিয়া কর্মক্ষেত্রে ছাড়িয়া দাও, নিজের অল্পবস্ত্র উপার্জন করুক।
- যদি বল, আমরা দুর্লভ ভূজা, মূর্খ হীনবুদ্ধি নারী। সে দোষ কাহার? আমাদের। আমরা বুদ্ধি বৃতির অনুশীলন করি না বলিয়া ভাষা হীনতেজ হইয়াছে। তখন অনুশীলন দ্বারা বুদ্ধিবৃত্তিকে সতেজ করিব। যে বাহু-লতা পরিশ্রম না করায় হীনবল হইয়াছে, তাহাকে খাটাইয়া সবল করিলে হয় না? এখন একবার স্তনচর্চা করিয়া দেখিও এ অনুর্বর মস্তিষ্ক(dull head) সুতীক্ষ্ণ হয় কি না।
- (১) অংশটি কার লেখা এবং কোন্ প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে? ১
- (২) ‘আমরা’ বলতে এখানে কাদের কথা বলা হয়েছে? ২
- (৩) নারী কীভাবে ক্রমশ হীনতেজ হয়েছে? ২
- ২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫ X ১ = ৫
- (ক) তোমার এলাকায় COVID-19-এর সংক্রমণ ও তার প্রতিরোধে মানুষের সচেতন প্রয়াস কতখানি – তা নিয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো ১৫০ টি শব্দে। ৫
- (খ) সংবাদপত্রে প্রকাশিত নিম্নলিখিত অংশটির পুনর্নির্মান করো ৪০টি শব্দে: ৫
- এ দেশে শৌচাগারের অভাব থাকতে পারে, মোবাইল ফোনের নেই! হাটেবাজারে, মাঠেঘাটে, এমনকি শৌচাগারেও মোবাইল নিয়ে যাওয়া কার্যত রেওয়াজ হয়ে গিয়েছে। প্রযুক্তির উপরে এই নির্ভরতায় যোগাযোগ হয়তো নিবিড় হয়েছে। কিন্তু জনস্বাস্থ্য বিজ্ঞানীরা বলছেন, মোবাইলের দৌলতে বাড়ছে জীবাণু ঘটিত সংক্রমণের বিপদও! সম্প্রতি বিদেশের বিভিন্ন সমীক্ষায় উঠে এসেছে, উন্নত দেশের নাগরিকদের স্মার্টফোনে লেগে থাকা জীবাণুর পরিমাণ নাকি শৌচাগারের কমোডের থেকেও বেশি! সেইসব জীবাণুর মধ্যে রয়েছে ‘ই-কোলাই’-সহ নানা ধরনের রোগ সৃষ্টিকারী ব্যাক্টেরিয়াও। এ দেশে এমন সবিস্তার সমীক্ষা এখনও হয়নি। তবে নাগরিক অভ্যাস যে-পথে হাঁটছে, তাতে এখানেও সমীক্ষা করলে ফলাফল একই, বড়জোর উনিশ-বিশ হতে পারে বলে মনে করছেন বিজ্ঞানীরা। ২০১১ সালে লণ্ডন স্কুল অব হাইজিন এবং ট্রপিক্যাল মেডিসিনের সমীক্ষায় ধরা পড়েছিল, সে-দেশে প্রতি ছ’টি মোবাইলের মধ্যে একটিতে ফিক্যাল ব্যাক্টেরিয়া(মল থেকে উৎপন্ন) রয়েছে। সেইসঙ্গে পাওয়া গিয়েছিল ই-কোলাইয়ের মতো ব্যাক্টেরিয়াও।
- ৩। যে কোনো পাঁচ(৫)টি শব্দের বাংলা পরিভাষা লেখো: ১ X ৫ = ৫
- Amendment, Bidding, Elevator, Human rights, Pagan, Tradition, Warmonger
- ৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫ X ১ = ৫

- (ক) “অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণসম দহে।”
-মূল কবিতা অনুসরণে অংশটির তাৎপর্য নির্ণয় করো। ৫
- (খ) “স্বার্থের সমাপ্তি অপঘাতে” – কবিতাটির মূলভাব নিজের ভাষায় সংক্ষেপে লেখো। ৫
- ৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫ X ১ = ৫
- (ক) ‘পোস্টমাস্টার’ গল্পের রতন চরিত্রের ভূমিকা সংক্ষেপে লেখো। ৫
- (খ) ‘ছুটি’ গল্পের নামকরণের সার্থকতা নির্ণয় করো। ৫